

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জানুয়ারি ২৫, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
(আইন অধিশাখা-৪)

সংশোধনী প্রজ্ঞাপন

তারিখ, ২১ জানুয়ারি, ২০১৪ খ্রিস্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০৫.১২-২১—যেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী 'ক' তফসিলে বর্ণিত প্রত্যর্পণযোগ্য অর্পিত সম্পত্তির মৌজা ভিত্তিক উপজেলা ও জেলাওয়ারী তালিকা প্রস্তুত করিয়া সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করা হইয়াছে এবং যেহেতু প্রকাশিত তালিকায় অনিবার্য কারণে কতিপয় ভুলত্রুটি রহিয়াছে ও কতিপয় সম্পত্তির অন্তর্ভুক্তি বাদ পড়িয়াছে ;

সেহেতু অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (সংশোধন) আইন, ২০১৩ এর ধারা-৪ অনুযায়ী সন্নিবেশিত অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর ধারা ৯ এর উপ-ধারা (১ক) এর বিধান অনুযায়ী ঢাকা জেলার কোতয়ালী উপজেলার মৌজা ভিত্তিক 'ক-তফসিলভুক্ত' অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা সরকার কর্তৃক গেজেটে প্রকাশ করা হইল। ইহা ইতিপূর্বে প্রকাশিত সংশ্লিষ্ট জেলার, উপজেলার ও মৌজার 'ক- তফসিলের' সংশোধনী তালিকা হিসাবে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী  
উপসচিব।

( ৭৬৯ )

মূল্য : টাকা ৪.০০

অর্পিত সম্পত্তির তালিকা

‘ক’ তফসিল

(অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (সংশোধন ২০১৩) এর ধারা ৯এর উপ-ধারা (১ক) অনুযায়ী প্রকাশিত)

‘ক’ তফসিলভুক্ত অর্পিত সম্পত্তির সংশোধনী তালিকা

জেলার নাম : ঢাকা

থানার নাম : কোতয়ালী

সার্কেলের নাম : কোতয়ালী

ক্রঃ নং	গেজেট প্রকাশের তারিখ	গেজেটের পৃষ্ঠা নং	গেজেটে ভুলের বিবরণ ও সংশোধন
১	২৮-০৪-২০১২	৪১৪৪৪	গেজেটের ১১ নং ক্রমিকের ৬ নং কলামে ৫৩৩ নং দাগের স্থলে ৫৩৩৩ নং দাগ লিপিবদ্ধ হবে।
২	২৮-০৪-২০১২	৪১৪৬৬	গেজেটের ১৫৪ নং ক্রমিকের ৫ নং কলামে ২৭৭৭৩১ নং খতিয়ানের স্থলে ২৭৭১ নং খতিয়ান লিপিবদ্ধ হবে।
৩	২৮-০৪-২০১২	৪১৪৭৪	গেজেটের ২০৭ নং ক্রমিকের ৫ নং কলামে ৬৩৬৮ নং খতিয়ানের স্থলে ৩৩৬৮ নং খতিয়ান লিপিবদ্ধ হবে।
৪	২৮-০৪-২০১২	৪১৫৯১	গেজেটের ৯৬৮ নং ক্রমিকের ৫ নং কলামে ৫০৪, ৫০৫ এবং ৪১ নং খতিয়ান লিপিবদ্ধ হবে।
৫	২৮-০৪-২০১২	৪১৫৯৮	গেজেটের ১০১৩ নং ক্রমিকের ৬ নং কলামে ৫০০১ নং দাগ লিপিবদ্ধ হবে এবং ৯ নং কলামে জমির পরিমাণ ০.১২২৪ একর হবে।
৬	২৮-০৪-২০১২	৪১৬১৩	গেজেটের ১১১৬ নং ক্রমিকের ৬ নং কলামে ৫০৪৮ নং দাগের স্থলে ৫৩৪৮ নং দাগ লিপিবদ্ধ হবে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd